R. N. No. 2532/57 Regd. No. WB/MSD—4

টেলিফোন ঃ ৩৪-১৫৫২
রিপ্রোডাকসন সিন্ডিকেট
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

এভারেষ্ট
এ্যাসবেসটস শীট
বৈশিষ্ট্যতায় ভরা, কয়েক দশক ধরে সকলের প্রিয়।
মহকুমার একমাত্র পরিবেশক—
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোন নং—৪

৬৪শ বর্ষ
২০শ সংখ্যা।
রঘুনাথগঞ্জ, ১১ই আশ্বিন, বুধবার, ১৩৮৪ সাল।
২৮শে সেপটেমবর, ১৯৭৭ সাল।
নগদ মূল্য : ১৫ পয়সা
বার্ষিক ৭৲, সডাক ৮৲

## ১৯৭৫ সালে ফরাক্কার জল নিয়ে ইন্দিরার সঙ্গে মুজিবের ভারত-বিরোধী চুক্তি গোপন রাখা হয়েছে ঃ প্রভাস রায়

বিশেষ প্রতিনিধি, ফরাক্কা ব্যারেজ : '১৯৭৫ সালে ভারতের তদানীন্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী বঙ্গবন্ধু মুজিবর রহমানের সঙ্গে ফরাক্কার জল নিয়ে এক গোপন চুক্তি করেছিলেন। চুক্তিতে বলা হয়েছিল ফরাক্কা থেকে কলকাতা বন্দরের জন্য ১১ থেকে ১৬ হাজার কিউসেক জল নিয়ে যাওয়া হবে। চুক্তির মেয়াদ ছিল এক বছর। এখন সেই চুক্তির দলিল আমাদের হাতে এসেছে। অথচ কংগ্রেস সরকার এত বড় জাতীয় স্বার্থবিরোধী একটি চুক্তির কথা গোপন রেখেছিলেন। মুজিবরের সঙ্গে ওই ধরনের চুক্তি করে কংগ্রেস দল ভারতবাসীর সঙ্গে বিশ্বাসঘাতকতা করেছিলেন, যার অংশীদার ছিলেন পশ্চিমবঙ্গের প্রাক্তন মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশঙ্কর রায়।' গত ২৪ সেপ্টেম্বর ফরাক্কা ব্যারেজ রিক্রিয়েশন ক্লাব ময়দানে অনুষ্ঠিত সি পি আই ( এম ) এর জঙ্গিপুর মহকুমা কনভেনসনের প্রকাশ্য সভায় ভাষণ দিতে গিয়ে কথাগুলি বলেন রাজ্য সেচমন্ত্রী প্রভাস রায়। কনভেনসনে মহকুমার ৩৫০ জন প্রতিনিধির উপস্থিতিতে ফিডার ক্যানেল ও লক চ্যানেলের জন্য আবদ্ধ জল নিষ্কাশন, গঙ্গা ও ভাগীরথী নদীর ভাঙন প্রতিরোধ এবং বাস্তুহারাদের পুনর্বাসন, কলকাতা বন্দরকে বাঁচাতে ফিডার ক্যানেল দিয়ে ৪০ হাজার কিউসেক জল, ফরাক্কায় বৃহৎ তাপ বিদ্যুৎ কেন্দ্র গড়ার প্রতিশ্রুতি অবিলম্বে কার্যকর ও ফরাক্কাকে শিল্পনগরী এবং অন্তর্দেশীয় বাণিজ্য বন্দর হিসেবে গড়ে তোলার প্রস্তাব গৃহীত হয়।

প্রকাশ্য জনসভায় সেচমন্ত্রী প্রভাস রায় আরো বলেন, মন্ত্রী হবার পর থেকেই ফরাক্কা সমস্যা সম্পর্কে খোঁজখবর নিতে শুরু করি। ফরাক্কার জলের ব্যাপারে চাকরি ছেড়ে চলে গিয়েছেন এমন বহু লোকের সঙ্গেও আলোচনা করেছি। সরকারী নথীপত্র ঘেঁটে দেখেছি আজ থেকে ১২৪ বছর আগে ১৮৫৩ সালে ডঃ আরথার নামে একজন বিশেষজ্ঞ বলেছিলেন, যদি এখানে বাঁধ তৈরী করা না যায় তাহলে কলকাতা বন্দর ধ্বংস হয়ে যাবে। ১৯৫৭ সালে জার্মাণ বিশেষজ্ঞ ডঃ হাটসান তাঁর রিপোরটে কলকাতা বন্দরকে বাঁচানোর জন্য ৪০ হাজার কিউসেক জলের কথা বলে গেছেন। আর একজন বিশেষজ্ঞ ৪৬ হাজার কিউসেক জলের কথা বলে গেছেন। অথচ প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী মুজিবরের সঙ্গে চুক্তিতে ১১ থেকে ১৬ হাজার কিউসেক জলে রাজি হয়েছিলেন। সেচমন্ত্রী বলেন এ মাসের ১৪ তারিখে বর্তমান

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## তিন কোটি টাকার যন্ত্রপাতি নষ্ট হচ্ছে

বিশেষ সংবাদদাতা : কত টাকা দাম হতে পারে ফরাক্কা ব্যারাজের ইকুইপমেন্ট ইয়ারডে খোলা রোদ-জলে দিনের পর দিন, বছরের পর বছর পড়ে থাকা বিদেশী মূল্যে কেনা ডাম্পার, ডোজার, ডাগলাইন ইত্যাদির, যারা শেষ গতির জন্য অপেক্ষা করছে? প্রশ্নটি রেখেছিলাম জনৈক মুখপাত্রের কাছে। উত্তর পেয়েছি প্রায় কোটি তিনেক হবে। আদার ব্যাপারী, কোটি টাকা শুনতেই মন কেমন যেন গুলিয়ে গেল। ঠিক, 'কি পাইনি তার হিসাব মিলাতে মন মোর নহে রাজী' অবস্থা। বিদেশে তৈরী ওই সব যন্ত্রগুলি যার চাকার এক সেট টায়ার-টিউবের দাম বর্তমানে ভারতীয় মুদ্রায় প্রায় তেত্রিশ হাজার টাকা। দেহের 'অন্য কা পরে কথা'।

কেনা হয়েছিল আজ থেকে বারো বছর আগে ফরাক্কা প্রকল্পের জন্য। রাশিয়ান ডাম্পার দশটি, যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্রের এবং অন্য বিদেশী রাষ্ট্রে তৈরী ডোজার দশ; মাটি কাটা যন্ত্র দশ, এ ছাড়াও আছে ফোরডেন ডাম্পার দশ, লিটোনিয়া ডাম্পার ছয় এবং ডাগলাইন বেশ কয়েকটি। কেউ খেটেছে বেশী, কেউ সাময়িক। ফরাক্কার জন্য কেনা রকমারি কোন কোন যন্ত্র আজো কাজের মুখ দেখেনি বলে শুনেছি। যেমন টাইম-কীপার যন্ত্রগুলি।

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## দারোগা কোরটে তলব

নিজস্ব সংবাদদাতা : সুতী থানার আলমপুর গ্রামের চায়না দাসের আবেদনক্রমে জঙ্গিপুরের এস ডি জে এম জামসেদ আলি খান সুতী থানার ও সি নিখিল বিশ্বাস, এ এস আই মনোরঞ্জন দাস, চায়নার বাবা ফণী দাস ও চায়নার দুই ভাইকে ৩৮৪, ৩২৩, ৩৪২ ধারায় কোরটে তলব করেছেন। তলবের কাপ এস ডি পি ও, এস পি এবং পুলিশের আই জি-র কাছে পাঠিয়ে দেওয়া হয়েছে।

প্রকাশ, চায়না দাস 'স্বেচ্ছায়' টনিক সরকার নামে একজনকে বিয়ে করে। চায়নার বাবার এ বিয়েতে মত না থাকায় ৩৬৬ ধারায় মোকদ্দমা করেন। ম্যাজিষ্ট্রেট তাঁর রায়ে

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## স্কুল অফিস মঞ্জুর

নিজস্ব সংবাদদাতা : সাগরদীঘিতে প্রাথমিক বিদ্যালয়সমূহের অবর পরিদর্শকের অফিস ডি পি আই-এর অনুমোদন লাভ করেছে। এতদিন এই অফিস ছিল রঘুনাথগঞ্জে। এবার ব্লকের ১০টি অঞ্চলকে দু'ভাগে ভাগ করে দুটি অফিস হচ্ছে। একটি রঘুনাথগঞ্জে, অপরটি সাগরদীঘিতে। রঘুনাথগঞ্জে যে অফিসটি ছিল তার নাম হচ্ছে সাগরদীঘি চক্র। এর অধীনে থাকবে বোখারা, মোরগ্রাম, বন্দেশ্বর, বালিয়া ও মনিগ্রাম—এই ৫টি অঞ্চল। সাগরদীঘিতে যে অফিসটি হচ্ছে তার নাম হবে সাগরদীঘি পূর্ব চক্র। এর অধীনে থাকবে বাকী ৫টি অঞ্চল—সাগরদীঘি, পাটকেলডাঙা, গোবর্ধনডাঙা, কাবিলপুর ও বারালা। অবর পরিদর্শক কাজে যোগ দিলেই পূজোর পর সাগরদীঘি পূর্ব চক্রের কাজ শুরু করা যাবে বলে আশা করা হচ্ছে।

## স্কুল সংস্কারের আর্জি

নিজস্ব সংবাদদাতা : রঘুনাথগঞ্জ ১নং ব্লকের অধীনে ৫টি প্রাথমিক বিদ্যালয় গৃহ অনতিবিলম্বে সংস্কারের জন্য আবেদন জানানো হয়েছে। বিদ্যালয় অবর পরিদর্শক প্রণব দত্ত আবেদনপত্রগুলি সুপারিশসহ জেলা বিদ্যালয় পরিদর্শকের অফিসে পাঠিয়ে দিয়েছেন। এ বছর বর্ষায় বাগপাড়া-সন্তোষপুর, সিদ্ধিকালী, নতুনগঞ্জ পি কে, আড়াডাঙা গোবিন্দ প্রাথমিক বিদ্যালয় গৃহগুলি সম্পূর্ণরূপে ভেঙে পড়েছে। বন্যার জলে ভেঙেছে দিয়ার রাণীনগর প্রাথমিক বিদ্যালয়টি। এখন ক্লাস চলছে গাছতলায়।

সবার প্রিয় চা—
চা ভাণ্ডার
রঘুনাথগঞ্জ সদরঘাট
ফোন—১৬

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১১ই আশ্বিন বুধবার, সন ১৩৮৪ সাল।

## কেরোসিনের কারসাজি

গত ১৪ সেপটেমবর আমাদের পত্রিকায় বিশেষ প্রতিনিধি পরিবেশিত কেরোসিন তৈল বিষয়ক সংবাদে জানা গিয়াছে যে, বহরমপুরের একজন মাত্র ব্যবসায়ীর কারসাজিতে জঙ্গিপুর মহকুমায় কেরোসিন সরবরাহে বিঘ্ন ঘটিতেছে। জঙ্গিপুর মহকুমা খাদ্য ও সরবরাহ নিয়ামক স্বয়ং এই অভিযোগ করিয়াছেন।

বিগত জরুরী অবস্থার সময় জেলা সদর বহরমপুরে একজন ব্যবসায়ীর নিয়ন্ত্রণে 'তালুকা কেরোসিন ডিপো' (সংক্ষেপে টি কে ডি) নামে ভারতীয় তৈল সংস্থার একটি সরবরাহ প্রতিষ্ঠান গড়িয়া উঠে। জঙ্গিপুর এবং বহরমপুর মহকুমাকে এই প্রতিষ্ঠানের সহিত জুড়িয়া দেওয়া হয়। কান্দী এবং লালবাগ মহকুমা পূর্ববৎ মৌরীগ্রাম সরবরাহ প্রতিষ্ঠানের সহিত যুক্ত থাকে। ইহার ফলে সরাসরি মৌরীগ্রাম হইতে কেরোসিন সরবরাহের যে সুযোগ-সুবিধা 'এজেন্টগণ পাইতেন, বহরমপুরের টি কে ডি 'মিডলম্যান' হওয়ায় তাহা হইতে বঞ্চিত হইতে লাগিলেন। বাড়তি পরিবহণ খরচ, ভতি-খালাসে কারসাজি প্রভৃতি অসুবিধার সম্মুখীন হইয়া জঙ্গিপুর মহকুমার এজেন্টগণ লোকসানের ভয়ে কেরোসিনের ব্যবসায়ে অনীহা প্রকাশ করিতে লাগিলেন। ফলে ঘাটতি দেখা দিল, চাহিদার তুলনায় সরবরাহে টান পড়িল, চোরাকারবারীর দল সুযোগ বুঝিয়া চাঙ্গা হইয়া উঠিল। গ্রামে গ্রামে কেরোসিনের দাম দ্বিগুণ হইয়া গেল, খেসারত গুণিতে হইল সাধারণ মানুষকে। সরকার নিয়ন্ত্রিত অন্যান্য ব্যবসায়ে যাহা অহরহ দেখা যায়, কেরোসিনের ক্ষেত্রেও তাহার পুনরাবৃত্তি ঘটিল।

মহকুমা খাদ্য নিয়ামক বলিয়াছেন, টি কে ডি বাতিল অথবা টি কে ডি-র সহিত সম্পর্ক ছিন্ন করিয়া পূর্বের ন্যায় মৌরীগ্রাম হইতে কেরোসিন সরবরাহ ব্যবস্থা চালু হইলে জঙ্গিপুর মহকুমাকে কেরোসিন তৈলে ডুবাইয়া রাখা যাইবে। খাদ্য নিয়ামক সরবরাহের ব্যাপারে ওয়াকিবহাল। কাজেই তিনি যাহা বলিয়াছেন, জনস্বার্থে তাহা বাঞ্ছনীয়—ইহাই সকলের কাম্য।

## চিঠি-পত্র

(মতামত পত্রলেখকের নিজস্ব)

### ফরাক্কা তাপ বিদ্যুৎ কেন্দ্র

গত ৭ এবং ১৪ সেপটেমবরের আপনার সাপ্তাহিকের সংখ্যায় যথাক্রমে 'ফরাক্কায় সুপার থারমাল পাওয়ার ষ্টেশন খোলা, ব্যাপারে জমি জরীপ (সমীক্ষা নয়) এবং এ সম্পর্কে সম্পাদকীয় মন্তব্য প্রকাশে কয়েকটি বাড়তি মন্তব্য আমাকে কলম ধরতে বাধ্য করল। প্রথমেই বলে রাখি, যে কোন 'ইনফ্রাষ্টাকচার খোলা ব্যাপারে আগে ভাগে যে কারণটি খতিয়ে দেখা হয়, সেটি হচ্ছে তার নিরাপত্তার বিষয় এবং স্থান, কাল ও পাত্রও তার সাথে জড়িত অবশ্যই। আর বিষয়টি কেন্দ্রীয় শক্তি মন্ত্রকের চ্যানেলে, রাজ্য সরকারের নয়। আট শো কোটি টাকা যেখানে খরচের ব্যাপার সেখানে সব আগে যার ভাবনা, সেটি হচ্ছে নিরাপত্তা. প্রতিরক্ষা বিভাগ যেখানে জড়িত। চাঁদের বিল ভালো, না জঙ্গিপুর ব্যারাজের কাছে দখলীকৃত উদ্‌বৃত্ত জমি উপযুক্ত স্থান, এখানে মোটেই দেখার নয়। কারণ, ওই প্রতিরক্ষা। পাশের দেশ বন্ধু ভাবাপন্ন নয়, আর হবেও না কোন কালে। জঙ্গিপুর ব্যারাজকে ঠিক মূল অঙ্গ বলা হয় না প্রকল্পের—বলা হয় 'এ্যানসিলারী'। ফরাক্কা ব্যারাজ থাকলে তবেই জঙ্গিপুর ব্যারাজ। আজ শুধু ফরাক্কা ব্যারাজ জল ধরা-ছাড়ার মনে করলে ভুল হবে। ভারতের পূর্বাংশের সড়ক ও রেল পরিবহণে বর্তমানে অত্যধিক গুরুত্ব নিয়েছে। প্রয়োজন বোধে প্রতিরক্ষা দপ্তর স্বতঃই গুরুত্ব সহকারে ব্যবস্থা নিয়েছেন এবং নিবেনও যে কোন মূল্যে। সেদিক দিয়ে সুপার থারমাল পাওয়ার ষ্টেশন খোলার ফরাক্কাই উপযুক্ত স্থান, অবশ্য যদি নররূপী মন্ত্রী ভগবানেরা কৃপা করেন। ইতিপূর্বে ১৯৭৫ সালে প্রাক্তন শক্তিমন্ত্রীর নির্দ্দেশে মূল কাঠামোর এবং কর্মীদের বাসস্থানের জন্য স্থান নির্বাচন ও তৎসংশ্লিষ্ট 'ব্লু প্রিন্ট' তৈরী হয়ে আজো ফাইলবন্দী। তখনকার মন্ত্রী আঃ বঃ আঃ গণি খান চৌধুরী খেজুরিয়াঘাটে করার জন্য কম খড়কাঠি পোড় ননি।

কলেবর বেড়ে যাচ্ছে দেখে একটি ছড়া দিয়ে শেষ করছি। 'গুষ্টিসুদ্ধ আঁই টাঁই, পোয়াতির পেটে ছেলেই নাই'। টাকার জন্য বিশ্ব ব্যাঙ্কের দরবারে যার আবেদন যায়নি, সে স্থান হচ্ছে ফরাক্কা …ফর অক্কা। যাঁরা জরীপ করছেন তাঁদের এবং জেলা প্রশাসন বা রাজ্য মন্ত্রীদের মতামতের মূল্য কতটুকু তার ফলাফল ভবিষ্যৎ জানে, আর জানে কেন্দ্রীয় মন্ত্রক। —সমর পান্ডে, ফরাক্কা।

## ভারত-বিরোধী চুক্তি গোপন রাখা হয়েছে

(১ম পৃষ্ঠার পর)

প্রধানমন্ত্রী মোরারজী দেশাই ইন্দিরা-মুজিব চুক্তির কথা স্বীকার করেছেন। দেশাই তাঁকে (প্রভাসবাবুকে) বলেছেন, গ্রীষ্মকালে ৪০ : ২০ (ভারত ৪০ হাজার, বাঙলাদেশ ২০ হাজার) হাজার কিউসেক জলের চুক্তি হচ্ছে বাঙলাদেশের সঙ্গে। পূর্ব ভারতের ১২টি রাজ্যের স্বার্থে উত্তরপ্রদেশ এবং বিহারে গঙ্গা থেকে আর জল না দিয়ে কলকাতার জন্য বেশী করে জল দেওয়া হবে। ইতিপূর্বে ওই দুটি রাজ্যে প্রচুর জল দেওয়া হয়েছে।

প্রভাস রায় বলেন, বাঙলাদেশের সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রেখে ঠাণ্ডা মাথায় ফরাক্কা সমস্যার সমাধান করতে হবে। আমরা বাঙলাদেশের সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক চাই, সঙ্গে সঙ্গে ফরাক্কা থেকে কলকাতার জন্য ৪০ হাজার কিউসেক জলও চাই।

বন্যা ও ভাঙন সম্পর্কে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে সেচমন্ত্রী বলেন, গঙ্গার অবক্ষয় রোধে ফরাক্কা বাঁধ প্রকল্পের জেনারেল ম্যানেজারের সঙ্গে তাঁর তিন দফা বৈঠক হয়েছে। আহিরণ ও সামসেরগঞ্জ এলাকার জল নিষ্কাশনের জন্য রাজ্য সরকার বাগমারী সাইফন অথবা লক গেট এবং নতুন খাল কাটার বিষয়ে বিবেচনা করে দেখেছন।

উক্ত সভায় উপস্থিত শিক্ষা দপ্তরের রাষ্ট্রমন্ত্রী আবদুল বারি বলেন, ফরাক্কা সমস্যা সমগ্র ভারতবর্ষের সমস্যা। কাজেই সমস্ত মানুষকে ঐক্যবদ্ধভাবে আন্দোলন করতে হবে। রাজ্য সরকারের একার পক্ষে আন্দোলন করে সমস্যার সমাধান সম্ভব নয়, প্রয়োজন কেন্দ্রীয় সরকারের সহযোগিতা। সম্মেলনে উপস্থিত ছিলেন সি পি আই (এম) এর জেলা সম্পাদক সত্যনারায়ণ চন্দ্র, এম পি শশাঙ্কশেখর সান্যাল, রেণুপদ দাস, এম এল এ হাজারী বিশ্বাস, হাসনাৎ খান প্রমুখ।

সেচমন্ত্রী প্রভাস রায় পরদিন জঙ্গিপুরের গঙ্গা ভাঙনে ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শন করেন।

**কনভেনসন ঃ** গণতান্ত্রিক যুব ফেডারেশনের রঘুনাথগঞ্জ থানা কনভেনসন গত ২৩ সেপটেমবর অনুষ্ঠিত হয়। সম্পাদকীয় ও সাংগঠনিক রিপোরটে পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষের পরিবর্তিত রাজনৈতিক পরিস্থিতিতে ফেডারেশনের প্রতিটি সদস্যকে নিজ কর্তব্যকর্মে দায়িত্বশীল ও সজাগ থাকার আহ্বান জানানো হয়। নয় সদস্যের একটি কার্যকরী সমিতিও গঠন করা হয়।

**ডেপুটেশন ঃ** সুতী থানা জনতা পারটির পক্ষ থেকে গত ২৪ সেপটেমবর সুতী ২নং উন্নয়ন সংস্থাধিকারিক সমীপে দশ দফা দাবি সম্বলিত এক স্মারকলিপি পেশ করা হয়।

সাগরদীঘি ব্লকে গত ২০ সেপটেমবর পি এস ইউ-র সাগরদীঘি থানা কমিটি ১০ দফা দাবিদাওয়ার ভিত্তিতে একটি স্মারকলিপি পেশ করেন। ব্লকের বিভিন্ন স্কুলেও অনুরূপ দাবিতে স্মারকলিপি পেশ করা হয়।

## অধ্যক্ষের ক্ষমতা লোপ

জঙ্গিপুর, ২৮ সেপটেমবর—রাজ্যের শিক্ষা দপ্তর জঙ্গিপুর কলেজ অধ্যক্ষ-সম্পাদক ডঃ সচ্চিদানন্দ ধরের অর্থনৈতিক ক্ষমতা কেড়ে নিয়েছেন। ১৯ সেপটেমবর এই মর্মে এক চিঠি কলেজে এসে পৌঁচেছে। এর ফলে কর্মচারীরা ২৬ তারিখে প্রাপ্য এ মাসের বেতন পাননি। ঐ দিন কর্মচারীরা অধ্যক্ষকে সময়মত বেতনের দাবিতে প্রায় ৪ ঘণ্টা ঘেরাও করে রাখেন। জঙ্গিপুর মহকুমা শাসকের হস্তক্ষেপে ঘেরাও তুলে নেওয়া হয়। আজ কর্মচারীরা বেতন পেয়েছেন বলে জানা গেল। উল্লেখ্য, সরকারী পর্যায়ে সম্প্রতি অধ্যক্ষের বিরুদ্ধে যে তদন্ত হয়, তার মধ্যে অর্থের অপব্যয় ছিল অন্যতম।

## মনোরঞ্জনে লোকরঞ্জন শাখা

পশ্চিমবঙ্গ সরকারের লোকরঞ্জন শাখা আগামী ৫ অক্টোবর থেকে ১০ অক্টোবর পর্যন্ত মহকুমার বিভিন্ন স্থানে নৃত্যনাট্য পরিবেশন করবেন বলে জঙ্গিপুর মহকুমা তথ্য ও জনসংযোগ দপ্তর থেকে জানানো হয়েছে।

## দারোগা কোর্টে তলব

( ১ম পৃষ্ঠার পর )

চায়নাকে তার স্বামী টনিকের হেফাজতে রাখার নির্দেশ দেন। চায়না অভিযোগ করে, 'ও সি, এ এস আই, বাবা ও দুই ভাই তাকে জোর করে ধরে নিয়ে যান, মেডিক্যাল করান এবং পুলিশ ভয় দেখিয়ে সাদা কাগজে সই করিয়ে তাকে স্বামীর হেফাজতের পরিবর্তে বাবার হেফাজতে দিয়ে দেন।' জানা গিয়েছে, চায়না পরদিন বাড়ি থেকে পালিয়ে এসে আদালতে অভিযোগ পেশ করে।

**ভাড়া নিয়ে মারপিট ঃ** ২৪ সেপ্টেম্বর নিউ ফরাক্কা মোড়ে আর এস পি সমর্থকদের সঙ্গে ভাড়া নিয়ে ট্রাক-চালকের মারপিট বাধলে কয়েকজন জখম হন। দলের সমর্থকরা ট্রাকে করে ফরাক্কার জনসভায় যোগ দিতে যাচ্ছিলেন বলে জানা গেছে। আহতদের হাসপাতালে ভর্তি করা হয়েছে। খবরটি পুলিশ সূত্রের।

**সংঘর্ষ গ্রেপ্তার ঃ** সাগরদীঘি থানার বয়ার গ্রামে ২৩ সেপ্টেম্বর রাত্রে জাগালদারি নিয়ে দুই দলের এক সংঘর্ষ ঘটে। উভয় পক্ষের ১২ জনকে গ্রেপ্তার করা হয়েছে। উত্তেজনা বজায় থাকায় পুলিশ মোতায়েন করা হয়েছে বলে খবর পাওয়া গিয়েছে।

**মৃতদেহ উদ্ধার ঃ** রঘুনাথগঞ্জ পুলিশ ২৪ সেপ্টেম্বর মথুরাপুরের কুশপুকুর থেকে ৫৫ বছর বয়স্কা অজ্ঞাতপরিচয় জনৈকা বৃদ্ধার মৃতদেহ উদ্ধার করেছে। অনুমান করা হচ্ছে, মৃত মহিলার মাথার গোলমাল ছিল। পুকুরে জল খেতে গিয়ে সম্ভবতঃ তিনি ডুবে মারা গেছেন।

**ছিনতাই ঃ** সাগরদীঘি থানার ফুল-সহরী গ্রামে নালা কাটানো নিয়ে গোলমাল এখনও মেটেনি। সম্প্রতি গ্রাম থেকে ১২ টাকা ছিনতাই করা হয়েছে বলে পুলিশ সূত্রের খবর।

### শোক সংবাদ

নিজস্ব সংবাদদাতা ঃ ধুলিয়ানের প্রখ্যাত ব্যবসায়ী সীতারাম সিং ( ৭৬ ) দীর্ঘদিন রোগভোগের পর গত ১৬ সেপ্টেম্বর কলকাতার একটি নারসিং হোমে পরলোকগমন করেন। তাঁর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাতে পরদিন ধুলিয়ানের ব্যবসায়িক কারবার বন্ধ রাখা হয়।

*প্রকাশের পথে—*

## শারদীয়া জঙ্গিপুর সংবাদ

দুর্লভ প্রবন্ধ, গল্প এবং কবিতায় সমৃদ্ধ হয়ে মহালয়ার পূর্বেই প্রকাশিত হচ্ছে।

লেখক সূচীতে রয়েছেন : ডঃ প্রতাপচন্দ্র চন্দ্র, সৈয়দ মুস্তাফা সিরাজ, মানস রায় চৌধুরী, কমল বন্দ্যোপাধ্যায়, প্রফুল্ল কুমার গুপ্ত, কবিরুল ইসলাম এবং…… ।

মূল্য—দু'টাকা

## তিন কোটি টাকার যন্ত্রপাতি নষ্ট হচ্ছে

( ১ম পৃষ্ঠার পর )

লোহা-লক্কড়ে তৈরী বলেই কি অমনভাবে খালি মাটির ওপর ফেলে রাখা হয়েছে দীর্ঘদিন ধরে? এ প্রশ্নের জবাবে পেয়েছি, ব্যারাজ কর্তৃপক্ষকে অনেকবার বলা হয়েছে, এক জেনারেল থেকে আর এক জেনারেল পর্য্যন্ত যে, ইট সোলিং করে যন্ত্রদানবগুলিকে রাখার জন্য। অদ্যাবধি সেই একই অবস্থা অর্থাৎ সেই শুরুতে যা ছিল।

ফরাক্কা যেতে বর্তমানের মেরিণ ঘাট পেরিয়ে বাঁয়ের রাস্তা ধরে চললেই দেখতে পাওয়া যাবে এই সব যন্ত্রদানবগুলোকে। যার পিঠে ঘাস ও গাছ, পায়ের ( চাকার ) মধ্যে গাছ, আশেপাশে গাছ গজিয়ে উঠেছে ছত্র-ছায়া প্রদান নিমিত্ত। আর গাড়ীর টায়ার-টিউবগুলি 'গ্রাসিছে মেদিনী'। বর্তমান দাম নাকি কয়েক কোটি টাকা। কিছু পরিবর্তন ও সংযোজন প্রয়োজন দেহাভ্যন্তরে। কেন্দ্রীয় সংশ্লিষ্ট মন্ত্রকের অনুমতি আজো আসেনি গাড়ীর বা যন্ত্রদানবগুলির গতির জন্য। বেসরকারী বহু প্রতিষ্ঠান উদগ্রীব হয়ে আছে ন্যায্যমূল্যে কিনতে। তারা জহুরী, জহর চেনে। কিছুদিন আগে কেন্দ্রীয় সংশ্লিষ্ট মন্ত্রকের যুগ্ম-সচিব শ্রীথের এসেছিলেন। তাঁকেও বলা হয়। দেখছি, দেখবো, নিশ্চয়ই গতি করবো আশ্বাস এখন যমনার জলের তলায়। তুলে আনতে দেরী।

ততদিন বাসর জাগিয়ে যন্ত্রগুলি চিল্লাতে থাক "ভাণ্ডার দ্বার খুলেছে জননী, অন্ন যেতেছে লুটিয়া। /আয় তোরা সব ছুটিয়া"।

শুভ উদ্বোধন
আগামী ২রা অক্টোবর, ১৯৭৭
গান্ধী স্মারক-নিধি
খাদি গ্রামোদ্যোগ ভাণ্ডার
রঘুনাথগঞ্জ বাজারপাড়া
গান্ধী জয়ন্তী ও পূজা উপলক্ষে
বিশেষ রিবেট ঃ
১) খাদি ৩০% ২) রীল্ড সিল্ক ১০% ৩) স্পান সিল্ক ২০%
বিভিন্ন প্রকার খাদি বস্ত্র, ছাপা সিল্ক শাড়ী, গরদ শাড়ী,
গরদ থান, তসর, মটকা, কেঠে, বাপতা ইত্যাদি।
আপনারা আজই যোগাযোগ করুন।
প্রত্যহ সকাল ৮টা হইতে রাত্রি ৮টা পর্য্যন্ত খোলা থাকিবে। গত ২-১০-৭৭ হইতে ১৯-১০-৭৭ ও ৭, ৮, ৯ ও ১১ নভেম্বর '৭৭ পর্য্যন্ত উক্ত রিবেট দেওয়া হইবে।

জবাকুসুম
তেল মাখা কি ছেড়েই দিলি?
তা কেন, দিনের বেলা তেল মেখে ঘুরে বেড়াতে অনেক সময় অসুবিধা লাগে।
কিন্তু তেল না মেখে চুলের যত্ন নিবি কি করে?
আমি তো দিনের বেলা অসুবিধা হলে রাত্রে শুতে যাবার আগে ভাল করে জবাকুসুম মেখে চুল আঁচড়ে শুই।
জবাকুসুম মাখলে চুল তো ভাল থাকেই ঘুমও ভারী ভাল হয়।
সি. কে. সেন অ্যাণ্ড কোং
প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস,
কলিকাতা, নিউ দিল্লী




রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।